# রাজশাহী বোর্ড-২০১৭

**পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র** বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ সিরাজুল ইসলাম একজন ধর্মপ্রাণ মুসলমান ও সমাজ সংস্কারক। তিনি মানুষকে কুসংস্কারমুক্ত করতে একটি আন্দোলনের ডাক দেন। তাঁর উদ্দেশ্য ছিল সকলেই যেন ধর্মের প্রকৃত বক্তব্য জেনে ধর্মীয় অনুশাসন মেনে চলে।

ক. মীর নিসার আলী কে ছিলেন? ১

খ. ফরায়েজী আন্দোলন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত সিরাজুল ইসলামের সাথে তোমার পাঠ্যপুস্তকে বর্ণিত কোন ব্যক্তিত্বের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আন্দোলনটি কেবল ধর্মীয় আন্দোলন ছিল না— বিশ্লেষণ কর। ৪

২. ★ নাগরিকদের অধিকতর সেবা দেওয়ার সুযোগ সৃষ্টির জন্য সরকার ঢাকা সিটি কর্পোরেশনকে দু'ভাগে ভাগ করে। 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন' ও 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন' নামে পৃথক দুটি সিটি কর্পোরেশনে রূপান্তরিত করে।

ক. বঙ্গভঙ্গ কী? ১

খ. দ্বৈত শাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত কোনো ঐতিহাসিক ঘটনার সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ ঘটনার মূলে ছিল জাতীয়তাবাদী আন্দোলনকে নস্যাৎ করা— বিশ্লেষণ কর। ৪

৩. ▶ 'ক' রাষ্ট্রের প্রদেশগুলোতে প্রাদেশিক বিষয়গুলোকে দু'ভাগ করে সংরক্ষিত বিষয় ও হস্তান্তরিত বিষয় নামে নতুন ব্যবস্থা প্রবর্তন করা হয়

https://teachingbd24.com

সংরক্ষিত বিষয়গুলো গভর্নর তার হাতে রাখেন।

ক. মর্লে-মিন্টো সংস্কার আইন কী? ১

খ. লাহোর প্রস্তাব বলতে কী বোঝ? ২

গ. 'ক' রাষ্ট্রের প্রদেশে প্রবর্তিত আইনের সাথে তোমার পঠিত ১৯১৯ সালের ভারত শাসন আইনের সাদৃশ্য আছে কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ আইনের কার্যকারিতা ব্যাখ্যা কর ৪

৪. ▶অনেক স্বপ্ন নিয়ে 'প্রত্যাশা' সমাজকল্যাণ সংস্থা প্রতিষ্ঠিত হয় শুরু থেকেই বিভিন্ন বিষয়ে দায়িত্বশীলদের মধ্যে মতভেদ দেখা দেওয়ায় সংস্থাটির কোনো গঠনতন্ত্র তৈরি করা সম্ভব হয়নি। দীর্ঘদিন পর একটি গঠনতন্ত্র তৈরি হলেও তা অল্প সময়ের ব্যবধানে বাতিল হয়ে যায়।

ক. যুক্তফ্রন্ট কী? ১

খ. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত ১৯৫৬ সালের পাকিস্তান সংবিধান প্রণয়নের সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ ঘটনার মূলে ছিল 'সামাজিক ও সংস্কৃতিক অমিল'— পাকিস্তানের প্রেক্ষিতে মূল্যায়ন কর। ৪

৫. ★ 'ক' রাষ্ট্রের স্বাধীনতার পর থেকেই শাসকগোষ্ঠী রাষ্ট্রের একটি অঞ্চলের জনগণের প্রতি বিমাতাসুলভ আচরণ শুরু করে। শাসকগোষ্ঠীর নিপীড়ন-নির্যাতনের বিরুদ্ধে জনগণ ঐক্যবদ্ধ হয় এবং এক পর্যায়ে জনগণের প্রিয় নেতা শাসকগোষ্ঠীর কাছে কিছু দাবি উত্থাপন করেন।

ক. ছয়-দফা কর্মসূচি কী? ১

খ. আগরতলা ষড়যন্ত্র মামলা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত ছয়-দফা কর্মসূচির কোনো সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ কর্মসূচি ছিল বাঙালির মুক্তির সনদ— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৬. ▶বিপ্লব বড়ুয়া গুরুত্বপূর্ণ সাংবিধানিক পদে অধিষ্ঠিত আছেন। তিনি প্রজাতন্ত্রের পক্ষে আইনের জটিল প্রশ্নে মতামত প্রকাশ করেন। তিনি রাষ্ট্রপতির সন্তোষ অনুযায়ী নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত তাঁর পদে বহাল থাকবেন। তিনি সুপ্রিম কোর্টের একজন বিচারকের মর্যাদা ভোগ করেন।

ক. বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কী? ১

খ. বিচার বিভাগের স্বাধীনতা বলতে কী বোঝায়? ২

গ. বিপ্লব বড়ুয়ার পদের সাথে বাংলাদেশের কোনো সাংবিধানিক পদের সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে সামঞ্জস্যপূর্ণ পদের সঠিক দায়িত্ব পালন ন্যায় বিচার নিশ্চিত করবে— বিশ্লেষণ কর। ৪

৭. ▶বিধান সরকার একটি সংস্থার নির্বাচিত প্রধান। তাঁর সংস্থায় তিনিসহ মোট ১৩ (তের) জন নির্বাচিত প্রতিনিধি আছেন। তাদের কাজে সাহায্য করার জন্য সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত একজন সেক্রেটারি কর্মরত আছেন।

ক. স্থানীয় শাসন কী? ১

খ. স্থানীয় স্বায়ত্তশাসন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের বিধান সরকার কোন ধরনের সংস্থার প্রধান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সংস্থা গ্রামীণ জনগণের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৮. ✪ 'ক' রাষ্ট্রের শাসকদের শোষণ-নির্যাতনের প্রতিবাদে জনগণ শুরু থেকেই ঐক্যবদ্ধ হয়। দীর্ঘ দুই যুগ পরে অনুষ্ঠিত প্রথম সাধারণ নির্বাচনে জনগণ তাদের পছন্দের দলকে ভোট দিয়ে বিজয়ী করে। কিন্তু ক্ষমতা হস্তান্তর না করে শাসকগোষ্ঠী নতুন ষড়যন্ত্র শুরু করলে জনগণের প্রিয় নেতা স্বাধীনতা ঘোষণা করেন।

ক. ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে জাতীয় পরিষদের কয়টি আসনে আওয়ামী লীগ জয়লাভ করে? ১

খ. ১৯৭১ সালের অসহযোগ আন্দোলন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে ১৯৭০ সালে অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ নির্বাচন বাঙালির আত্মনিয়ন্ত্রণ প্রতিষ্ঠার পথ সুগম করে দেয়— বিশ্লেষণ কর। ৪

৯. ▶'X' পাঁচ বছর বয়সী একটি শিশু। তার চেহারা ও অবয়ব অন্য শিশুদের মতো। তার মধ্যে সীমাবদ্ধ কিছু কাজ বা আচরণের প্রবণতা লক্ষ করা যায়। সে অন্যদের তুলনায় একটু বেশি বা কম সংবেদনশীল।

ক. দুর্নীতি কী? ১

খ. বিশেষ চাহিদার জনগোষ্ঠী বলতে কী বোঝায়? ২

গ. 'X' কী ধরনের শিশু? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রয়োজনীয় সহযোগিতা পেলে 'X' এর মতো শিশুরা একদিন সম্পদে পরিণত হবে— তুমি কি একমত? ৪

১০. ★ রক্তাক্ত সংগ্রামের পর 'ক' রাষ্ট্র স্বাধীনতা লাভ করে। স্বাধীনতা লাভের এক বছরের মধ্যেই তারা পৃথিবীর একটি অন্যতম সেরা সংবিধান প্রণয়ন করতে সক্ষম হয়। যা গোটা বিশ্বে প্রশংসিত হয়।

ক. বাংলাদেশ সংবিধানে রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি? ১

খ. মৌলিক অধিকার বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংবিধানের সাথে তোমার পঠিত কোনো দেশের সংবিধানের সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সংবিধান অনুযায়ী "জনগণই সকল ক্ষমতার উৎস"— বিশ্লেষণ কর। ৪

১১. ▶ফজলুক হক সম্প্রতি আফ্রিকা সফরে যান। তিনি দেখতে পান সেখানকার কয়েকটি প্রতিবেশী দেশ একটি আঞ্চলিক সহযোগিতা সংস্থা তৈরি করে পারস্পরিক স্বার্থে কাজ করে যাচ্ছে।

ক. কমনওয়েলথ কী? ১

খ. বাংলাদেশের বৈদেশিক নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংস্থার সাথে তোমার পঠিত কোনো আঞ্চলিক সহযোগিতা সংস্থার সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিজেদের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করাই উক্ত সংস্থার লক্ষ্য— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র বিষয় কোড: ২ ৭ ০

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]*

১. ★ বাংলাদেশের পার্বত্য জেলা কয়টি?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
সাজ্জাদ সাহেব সম্প্রতি সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারপতি হিসেবে নিয়োগ পেয়েছেন।

২. সাজ্জাদ সাহেবকে কে নিয়োগ দিয়েছেন?
ক রাষ্ট্রপতি খ প্রধানমন্ত্রী
গ প্রধান বিচারপতি ঘ আইনমন্ত্রী

৩. উক্ত পদে সাজ্জাদ সাহেবের নিয়োগ লাভের যোগ্যতা—
i. বাংলাদেশের নাগরিকতা
ii. ১০ বছর আইনজীবী হিসেবে অভিজ্ঞতা
iii. অন্যূন তিন বছরকাল জেলা বিচারকের পদে দায়িত্ব পালন
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও ii ঘ i, ii ও iii

৪. বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি কোনটি?
ক ভাষা খ ধর্ম
গ অর্থনৈতিক আকাঙ্ক্ষা ঘ রাজনৈতিক চেতনা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
B রাষ্ট্রে প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ স্তরে জনাব সুব্রত চাকমা কর্মরত আছেন। তিনি ঐ স্তরের মধ্যমণি। তাঁকে কেন্দ্র করে ঐ স্তরের প্রশাসন পরিচালিত হয়। তিনি বিচারিক কার্যও সম্পাদন করেন।

৫. উদ্দীপকে জনাব সুব্রত চাকমার পদের সাথে বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থার সাদৃশ্যপূর্ণ পদ কোনটি?
ক বিভাগীয় কমিশনার খ জেলা প্রশাসক
গ উপজেলা নির্বাহী চেয়ারম্যান
ঘ পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যান

৬. বাংলাদেশের সর্বোচ্চ আইন কর্মকর্তা কে?
ক প্রধান বিচারপতি খ আইনমন্ত্রী
গ অ্যাটর্নি জেনারেল ঘ রাষ্ট্রপতি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব সালাম একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। তার ইউনিয়নের অধীন একটি গ্রামের দুই পরিবার জমিজমা নিয়ে বিরোধে লিপ্ত হয়। পরিবার দুটি একে অপরের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিলে সালাম সাহেব নিজে উদ্যোগী হয়ে বিষয়টির সুষ্ঠু সমাধান করে দেন।

৭. ★ উদ্দীপকে জনাব সালাম সাহেবের উদ্যোগ ইউনিয়ন পরিষদের কোন ধরনের কাজ?
ক উন্নয়নমূলক খ সেবামূলক
গ সামাজিক ঘ বিচার সালিশিমূলক

৮. ★ চেয়ারম্যান সাহেবের এরূপ উদ্যোগ—
i. সামাজিক স্থিতিশীলতা রক্ষা করবে
ii. নাগরিক অধিকার রক্ষা করবে
iii. নাগরিক সচেতনা বৃদ্ধি করবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৯. ১৯৩৫ সালের ভারত শাসন আইনে কোন রাজ্যকে বিভক্ত করা হয়?
ক দিল্লি খ ব্রহ্মদেশ
গ বিহার ঘ উড়িষ্যা

১০. ১৯৫৮ সালে কে সামরিক আইন জারি করেন?
ক আইয়ুব খান খ ইয়াহিয়া খান
গ লিয়াকত আলী খান ঘ ইস্কান্দার মির্জা

১১. ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের জন্য জাতীয় পরিষদে কতটি আসন বরাদ্দ ছিল?
ক ১৬৭ খ ১৬৯
গ ১৮৮ ঘ ৩১৩

১২. ★ রাষ্ট্রপতিকে অভিশংসনের জন্য জাতীয় সংসদ সদস্যদের কী পরিমাণ ভোটের প্রয়োজন হয়?
ক অর্ধেক খ এক-তৃতীয়াংশ
গ দুই-তৃতীয়াংশ ঘ তিন-চতুর্থাংশ

১৩. সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্যরা নির্বাচিত হন কীভাবে?
ক নির্বাচন কমিশনের সিদ্ধান্তের ভিত্তিতে
খ সমঝোতার ভিত্তিতে
গ জনগণের প্রত্যক্ষ ভোটে
ঘ সদস্যদের আনুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে

১৪. মুসলিম লীগ প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল—
i. ইংরেজদের প্রতি মুসলমানের আনুগত্যবোধ
ii. মুসলমানদের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা
iii. অন্য সম্প্রদায়ের সাথে সম্পর্ক উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও:**
রহিমা বেগম মহাজনের ঋণ শোধ করতে না পেরে বাধ্য হয়ে মহাজনের বাড়িতে গৃহকর্মী হিসেবে কম মজুরিতে কাজ করতে রাজি হয়।

১৫. বাংলাদেশের সংবিধান অনুযায়ী রহিমা বেগমকে কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে?
ক সাংস্কৃতিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ সামাজিক

Teachingbd24.com

১৬. রহিমা বেগমদের অধিকার প্রতিষ্ঠার জন্য প্রয়োজন—
i. নাগরিক সচেতনতা
ii. সরকারি উদ্যোগ
iii. নিরক্ষরতা দূরীকরণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৭. ★ ইভটিজিং এর কারণ—
i. সুশিক্ষার অভাব
ii. অপসংস্কৃতির প্রভাব
iii. নগরায়নের প্রভাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. ১৯৭২ সালের সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার মূলনীতি কয়টি?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

১৯. ★ জাতিসংঘ দিবস কত তারিখে?
(ক) ২৪ সেপ্টেম্বর (খ) ২৪ অক্টোবর
(গ) ২৪ নভেম্বর (ঘ) ২৪ ডিসেম্বর

২০. কোন ঘটনার মাধ্যমে আগরতলা ষড়যন্ত্র মামলার সব আসামি মুক্তি পান?
(ক) ১৯৬৬ এর ছয় দফা
(খ) ১৯৬৯ এর গণঅভ্যুত্থান
(গ) ১৯৭০ সালের নির্বাচন
(ঘ) ১৯৭১ এর মুক্তিযুদ্ধ

নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:

হালিমা বেগম খুলনার কয়রা উপজেলার একজন বাসিন্দা। এই বছর জোয়ারের পানিতে বেড়িবাঁধ ভেঙ্গে তার ঘরবাড়ির ফসল তলিয়ে যায়। বর্তমানে তিনি ছোট ছেলেমেয়ে নিয়ে আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন।

২১. ★ হালিমা বেগম কোন ধরনের সমস্যায় পড়েছেন?
(ক) জলবায়ু পরিবর্তন
(খ) সমুদ্র উপকূলে বসবাসগত সমস্যা
(গ) নদীর গতিপথ পরিবর্তন
(ঘ) অপরিকল্পিত নগরায়ন

২২. ★ উদ্দীপকে উল্লিখিত সমস্যার প্রভাবে বাংলাদেশে—
i. লবণাক্ততা বৃদ্ধি পাবে
ii. ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস সৃষ্টি হবে
iii. কৃষি উৎপাদন ব্যাহত হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালে গঠিত সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
(ক) শেখ মুজিবুর রহমান (খ) সোহরাওয়ার্দী
(গ) তাজউদ্দিন আহমেদ (ঘ) নজরুল ইসলাম

২৪. পূর্ব পাকিস্তানে মৌলিক গণতন্ত্রীর সংখ্যা কত ছিল?
(ক) ২০,০০০ (খ) ৪০,০০০
(গ) ৬০,০০০ (ঘ) ৮০,০০০

২৫. কে দেশবন্ধু নামে খ্যাত?
(ক) এ কে ফজলুল হক (খ) চিত্তরঞ্জন দাস
(গ) সৈয়দ আমীর আলী (ঘ) হাজী মুহম্মদ মুহসীন

নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

বাংলাদেশের জাতীয় সংসদের নির্বাচিত সদস্য জনাব 'ক' সংসদের অধিবেশন পরিচালনার দায়িত্ব পান। কোনো কারণে বাংলাদেশের রাষ্ট্রপতি পদ শূন্য হলে তিনি ঐ পদের দায়িত্ব পালন করেন।

২৬. উদ্দীপকের জনাব 'ক' কোন পদে অধিষ্ঠিত রয়েছেন?
(ক) স্পিকার (খ) চিফ হুইপ
(গ) উপনেতা (ঘ) প্রধানমন্ত্রী

২৭. জনাব 'ক' তাঁর পদে অধিষ্ঠিত হয়েছেন কীভাবে?
(ক) জনগণের ভোটে
(খ) সংসদ সদস্যদের ভোটে
(গ) মন্ত্রিসভার সিদ্ধান্তক্রমে
(ঘ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনয়নের মাধ্যমে

২৮. ★ জোট নিরপেক্ষ আন্দোলনের প্রথম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় কোথায়?
(ক) যুগোশ্লাভিয়া (খ) মিশর
(গ) ভারত (ঘ) বেলজিয়াম

২৯. সরকারি কর্ম কমিশনের প্রধান কাজ কোনটি?
(ক) রাষ্ট্রপতিকে পরামর্শ প্রদান
(খ) প্রজাতন্ত্রের কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধ
(গ) প্রজাতন্ত্রের কর্মচারীদের স্বার্থ সংরক্ষণ
(ঘ) প্রজাতন্ত্রের কর্মচারী নিয়োগ

৩০. ★ ডাল-ভাতের রাজনীতির প্রবক্তা কে?
(ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
(খ) নবাব স্যার সলিমুল্লাহ
(গ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

Teachingbd24.com